# ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট **৩য় সপ্তাহের সংশোধিত এ্যাসাইনমেন্ট**

বিষয়: হিসাববিজ্ঞান    পত্র: দ্বিতীয়    বিষয় কোড: ২৫৪    স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর, অধ্যায় ও অধ্যায় শিরোনাম | অ্যাসাইনমেন্ট | শিখনফল/ বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ ধাপ/ পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০২<br>দ্বিতীয় অধ্যায়:<br>অংশীদারি ব্যবসায় হিসাব | অংশীদারি ব্যবসায় ও এর হিসাব প্রক্রিয়া<br><br>সহায়ক তথ্য:<br>আবুল, আবদুল ও আসাদুল একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। ২০২০ সালের ১ জানুয়ারি আবুল ৩,০০,০০০ টাকা, আবদুল ২,৫০,০০০ টাকা এবং আসাদুল ২,০০,০০০ টাকা মূলধন স্বরূপ সরবরাহ করেন। আবদুল প্রতি মাসে ৫০০ টাকা নগদ উত্তোলন করেন এবং আসাদুল বছরের মাঝামাঝি ২,০০০ টাকার পণ্য উত্তোলন করেন। আবুল কারবার পরিচালনা করেন এবং এ কারণে তিনি প্রতি মাসে ২,৫০০ টাকা বেতন পাবেন। আর্থিক স্বল্পতার কারণে ১ এপ্রিল আসাদুল ১০,০০০ টাকা ঋণ প্রদান করেন এবং আবুল ১ জুন ২০,০০০ টাকা অতিরিক্ত মূলধন সরবরাহ করেন। অংশীদারি চুক্তি অনুযায়ী উত্তোলনের উপর বার্ষিক ১০% সুদ ধার্য করতে হবে। আবুল ব্যবসায়ে তার সার্বক্ষণিক সহায়তা করার জন্য বন্টনযোগ্য লাভের উপর কমিশন ধার্য করার পরবর্তী লাভের উপর ৫% হারে কমিশন পাবেন। আবুলের বেতন ডেবিট করার পর কিন্তু অন্যান্য সমন্বয় সাধন করার পূর্বে ব্যবসায়ের নিট লাভ ১,১০,০০০ টাকায় উপনীত হয়। | • অংশীদারি ব্যবসায়ের উপাদানসমূহের ব্যাখ্যা প্রদান করতে পারবে।<br>• চুক্তির অবর্তমানে অংশীদারি ব্যবসায়ের অমিমাংসিত বিষয়সমূহ নিষ্পত্তি করতে পারবে।<br>• লাভ-লোকসান বন্টন হিসাব তৈরি করে অংশীদারদের মুনাফার অংশ নির্ণয় করতে পারবে।<br>• অংশীদারদের মূলধন হিসাব এবং অংশীদারদের চলতি হিসাব প্রস্তুত করতে পারবে। | • চুক্তির অবর্তমানে অংশীদারি ব্যবসায়ের অমিমাংসিত বিষয়সমূহের নিষ্পত্তিকরণ।<br>• অংশীদারদের মধ্যে লাভ-লোকসান বন্টন হিসাব প্রস্তুতকরণ।<br>• অংশীদারদের চলতি হিসাব প্রস্তুতকরণ।<br>• অংশীদারদের মূলধন হিসাব প্রস্তুতকরণ (পরিবর্তনশীল মূলধন পদ্ধতি ও স্থিতিশীল মূলধন পদ্ধতিতে)। | (রুব্রিক্স নিচে) | |

**মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স)**

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা /নম্বর ৪ | ৩ | ২ | ১ | স্কোর |
|---|---|---|---|---|---|
| ক) সহায়ক তথ্যের ভিত্তিতে চুক্তির অবর্তমানে অংশীদারি ব্যবসায়ের অমিমাংসিত বিষয়সমূহের নিষ্পত্তির প্রক্রিয়া বর্ণনাকরণ | ৪টি নিষ্পত্তির প্রক্রিয়া বর্ণনা করতে পারলে | ৩টি নিষ্পত্তির প্রক্রিয়া বর্ণনা করতে পারলে | ২টি নিষ্পত্তির প্রক্রিয়া বর্ণনা করতে পারলে | ১টি নিষ্পত্তির প্রক্রিয়া বর্ণনা করতে পারলে | |
| খ) সহায়ক তথ্যের ভিত্তিতে লাভ-লোকসান বন্টন হিসাব প্রস্তুতকরণ | সঠিকভাবে সম্পন্ন করলে | ১টি লেনদেন ভুল করলে | ২টি লেনদেন ভুল করলে | আংশিক শুদ্ধ হলে | |
| গ) সহায়ক তথ্যের ভিত্তিতে আবদুল ও আসাদুলের চলতি হিসাব প্রস্তুতকরণ | ২টি চলতি হিসাব সঠিক ভাবে সম্পন্ন করলে | ১টি হিসাব সঠিক ও অপর হিসাবটি আংশিক শুদ্ধ হলে | উভয় হিসাবে ১টি করে ভুল হলে | উভয় হিসাব আংশিক শুদ্ধ হলে | |
| ঘ) সহায়ক তথ্যের ভিত্তিতে স্থিতিশীল মূলধন পদ্ধতিতে আবুল ও আসাদুলের মূলধন হিসাব প্রস্তুতকরণ | ২টি মূলধন হিসাব সঠিক ভাবে সম্পন্ন করলে | ১টি হিসাব সঠিক ও অপর হিসাবটি আংশিক শুদ্ধ হলে | উভয় হিসাবে ১টি করে ভুল হলে | উভয় হিসাব আংশিক শুদ্ধ হলে | |
| ঙ) সহায়ক তথ্যের ভিত্তিতে পরিবর্তনশীল মূলধন পদ্ধতিতে আবুল ও আবদুলের মূলধন হিসাব প্রস্তুতকরণ | ২টি মূলধন হিসাব সঠিক ভাবে সম্পন্ন করলে | ১টি হিসাব সঠিক ও অপর হিসাবটি আংশিক শুদ্ধ হলে | উভয় হিসাবে ১টি করে ভুল হলে | উভয় হিসাব আংশিক শুদ্ধ হলে | |
| | | | | মোট | |

অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর: ২০

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৬- ২০ | অতি উত্তম |
| ১৪- ১৫ | উত্তম |
| ১০- ১৩ | ভালো |
| ০০- ০৯ | অগ্রগতির প্রয়োজন |